দৈনিক ইত্তেফাক

তারিখ: 16 JAN 2014
পৃষ্ঠা: ২০ কলাম: ২

ঢাবি শিক্ষক সমিতি

# রাজনীতিকের ভূমিকায় না আসতে কূটনীতিকদের প্রতি অনুরোধ

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন রাষ্ট্রের প্রতিনিধিদের রাজনীতিবিদদের ভূমিকায় অবতীর্ণ না হতে অনুরোধ জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ পৃষ্ঠা ২ কলাম ২

## রাজনীতিকদের ভূমিকায়

২০ পৃষ্ঠার পর

এবং সাধারণ সম্পাদক অধ্যাপক এএসএম মাকসুদ কামাল স্বাক্ষরিত এক বিবৃতিতে এ অনুরোধ জানানো হয়।

বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে বিদেশি হস্তক্ষেপের প্রতিবাদে দেয়া বিবৃতিতে বলা হয়, দেশের ক্রান্তিলগ্নে আমাদের অভ্যন্তরীণ বিষয়ে বন্ধু ও ভ্রাতৃপ্রতীম বিভিন্ন বিদেশি রাষ্ট্রের প্রতিনিধিদের সাম্প্রতিক কূটনীতিক দৌড়ঝাঁপ জাতি হিসেবে আমাদের লজ্জিত করে। উন্নয়ন সহযোগী হিসেবে সকল রাষ্ট্রের প্রতিনিধিদের প্রতি আমরা শ্রদ্ধাশীল। কিন্তু আমাদের অভ্যন্তরীণ বিষয়ে কারো কোনো প্রকার হস্তক্ষেপ কাম্য নয়। তাই সকল বিদেশি রাষ্ট্রের প্রতিনিধিদের কাছে আমাদের অনুরোধ- অভ্যন্তরীণ সমস্যাদির সমাধান করার সুযোগে তারা যেন রাজনীতিবিদদের ভূমিকায় অবতীর্ণ না হন।

শিক্ষক নেতৃদ্বয় বলেন, এ দেশের প্রতিটি গণতান্ত্রিক আন্দোলন এবং দেশের সার্বিক সমৃদ্ধিতে আমাদের রাজনীতিবিদদের অবদানই সবচেয়ে বেশি। ভবিষ্যতেও যেকোনো সমস্যার সমাধানে তারা সফল হতে পারবেন। আমাদের রাজনৈতিক নেতৃবৃন্দের কাছেও অনুরোধ- তারা যেন দেশের অভ্যন্তরীণ কোনো বিষয়ে বিদেশিদের দ্বারস্থ হয়ে তাদের হস্তক্ষেপের সুযোগ করে না দেন। এতে কেউ লাভবান হবে না। বরং সামগ্রিকভাবে দেশ, জাতি এবং আমাদের স্বাধীন সত্তা, সার্বভৌমত্ব ও আত্মমর্যাদাবোধ ক্ষতিগ্রস্ত হবে।

বিবৃতিতে তারা বলেন, বাংলাদেশ একটি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র। দেশপ্রেম, গণতান্ত্রিক মূল্যবোধ, আইনের শাসন ও সাংবিধানিক ধারাবাহিকতা রক্ষার মাধ্যমে রাষ্ট্রব্যবস্থাকে সুদৃঢ় ভিত্তির উপর দাঁড় করানো হচ্ছে। মুক্তিযুদ্ধকালীন মানবতাবিরোধী অপরাধীদের আন্তর্জাতিক মানসম্পন্ন ট্রাইব্যুনালের মাধ্যমে যথাযথ আইনী প্রক্রিয়া অনুসরণ করে বিচারকার্য সম্পন্ন করা হচ্ছে এবং বিচারের রায় কার্যকর করার মধ্য দিয়ে জাতিকে কলঙ্কমুক্ত করা হচ্ছে।